

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৩ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (২)-এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (৩)-এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করিয়া উক্ত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

ক্রমিক নং	আয়ের উৎস	যে ধারার অধীন উৎসে কর কর্তনযোগ্য	যে সকল ব্যক্তির জন্য প্রযোজ্য
(১)	(২)	(৩)	(৪)
১।	সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে অর্জিত সুদ বা মুনাফা	১০২	ধারা ১৬৬(২) অনুযায়ী রিটার্ন দাখিল হইতে অব্যাহতি প্রাপ্ত করদাতাগণ

(১১১১৫)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)	(৪)
২।	সঞ্চয়পত্র হইতে অর্জিত মুনাফা	১০৫	সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা
৩।	রপ্তানির বিপরীতে প্রাপ্ত নগদ ভর্তুকি	১১২	সকল করদাতা

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।